

হসপিটাল এবং ইন্সটিটিউশন সার্ভিস ও এনএ সদস্য

নারকোটিকস অ্যানোনিমাস-এর সদস্যরা অনেকেই হসপিটাল এবং ইন্সটিটিউশন সার্ভিসকে তাদের ব্যক্তিগত রিকভারির একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে পেয়েছে। আমাদের সদস্যরা, যারা এইচঅ্যান্ডআই সার্ভিসে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে, ফেলোশিপের খুব গুরুত্বপূর্ণ সম্পদ। এইচঅ্যান্ডআই সার্ভিসে অঙ্গীকারবদ্ধ হওয়া এনএ সার্ভিস সংগঠনে (স্ট্রাকচারে) যুক্ত হওয়ার অনেকগুলো উপায়ের মধ্যে একটি এবং এটা আমাদের ফেলোশিপের একটি অংশ হিসেবে অনুভব করতে সাহায্য করে।

আমরা জানি যে সক্রিয় মাদকাসক্তি জেল, পাগলাগারদ এবং মৃত্যুর দিকে নিয়ে যায়। এরই পাশাপাশি এনএ-র মুখ্য উদ্দেশ্য হল যেসব অ্যাডিক্ট এখনও কষ্ট পাচ্ছে তাদের কাছে রিকভারির বার্তা পৌঁছে দেওয়া। এটা আশ্চর্যজনক নয় যে হসপিটাল এবং ইন্সটিটিউশনে এনএ-র রিকভারির বার্তা পৌঁছে দেওয়া আমাদের অগ্রাধিকারগুলোর মধ্যে একটি। এনএ সদস্যরা বিশ্বজুড়ে হসপিটাল এবং ইন্সটিটিউশন (এইচঅ্যান্ডআই) কমিটি তৈরি করার মাধ্যমে ধারাবাহিক ভাবে এই বিশ্বাসকে সমর্থন করেছে।

এখনও কিছু এনএ সদস্য এইচঅ্যান্ডআই সার্ভিসে যুক্ত হতে অনিচ্ছুক কারণ তাদের কখনও কারাবন্দি, গ্রেপ্তার অথবা পাগলাগারদে যেতে হয়নি। আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা এবং যথাযথ প্রস্তুতির কারণে আমরা সকলেই আমাদের রিকভারির বার্তা বহনে একে রকমভাবে যোগ্যতা সম্পন্ন।

এই পুস্তিকাটির লক্ষ্য হলো নারকোটিকস অ্যানোনিমাস এইচঅ্যান্ডআই সার্ভিসের সংক্ষিপ্ত বিবরণ দেওয়া এবং আরো সদস্যরা যাতে এই সেবাদানের সুযোগকে নিজের কাজে লাগায় সেই উৎসাহ দেওয়া।

এইচঅ্যান্ডআই মিটিং কী?

এইচঅ্যান্ডআই মিটিং-এর উদ্দেশ্য হলো সেইসব অ্যাডিক্টদের কাছে রিকভারির বার্তা পৌঁছে দেওয়া যারা স্বাভাবিক নারকোটিকস অ্যানোনিমাস মিটিং-এ অংশ নিতে পারছে না। এইচঅ্যান্ডআই মিটিংগুলো অ্যাডিক্টদের এনএ প্রোগ্রামের প্রাথমিক বিষয়গুলো সম্পর্কে পরিচিত করার লক্ষ্যে করা হয় শুধুমাত্র তারা ব্যতীত যারা দীর্ঘ সময় কোনো প্রতিষ্ঠানে থাকে।

এইচঅ্যান্ডআই মিটিং সম্পর্কে পরিষ্কার ধারণা পেতে, আমাদের সার্ভিস স্ট্রাকচার সম্পর্কে বোঝাটা গুরুত্বপূর্ণ। একটি এইচঅ্যান্ডআই মিটিং সাধারণত একটি সার্ভিস যা এরিয়া সার্ভিস কমিটির এইচঅ্যান্ডআই সাবকমিটি দ্বারা দেওয়া হয়। এই মিটিংগুলো হসপিটাল, চিকিৎসাকেন্দ্র, সংশোধনাগার এবং কিশোর সংশোধনালয়ে পরিচালনা করা হয়। স্বতন্ত্র এনএ গ্রুপ হবার চেয়ে বরং এটা গুরুত্বপূর্ণ যে একটি এইচঅ্যান্ডআই মিটিং সবসময় এইচঅ্যান্ডআই সাবকমিটির দিক নির্দেশনায় অনুষ্ঠিত হবে।

আমি কীভাবে অংশ নেব?

একটি এরিয়া এইচঅ্যান্ডআই সাবকমিটি হচ্ছে পরিকল্পনা এবং সংগঠন করার কেন্দ্র। এটি অংশ নেওয়ার আদর্শ জায়গা। প্রথম কাজ হলো এরিয়া এইচঅ্যান্ডআই সাবকমিটি মিটিং-এ যাওয়া এবং নতুন ও আগ্রহী সদস্যদের পরিচিতি পর্বে অংশ নেওয়া! এই পরিচিতিপর্বের মিটিংগুলো সদস্যদের এইচঅ্যান্ডআই সার্ভিস সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য এবং ক্লিনটাইম-এর শর্ত সম্পর্কে জানতে সাহায্য করে। এই মিটিংগুলোতে বিভিন্ন প্রতিষ্ঠানে আমাদের বার্তা পৌঁছে দেওয়ার জন্য সদস্যদের নির্বাচিত করা হয়। সাধারণত পরবর্তী ধাপ হলো একজন অবজার্ভার হিসেবে এইচঅ্যান্ডআই মিটিং-এ অংশগ্রহণ করা। এই পদ্ধতির মাধ্যমে সদস্যরা এইচঅ্যান্ডআই সার্ভিসের একটি প্রাথমিক ধারণা পায় এবং অংশগ্রহণের স্তর নির্ধারণ করে।

আমি কেন অংশ নেব?

হসপিটাল এবং ইনস্টিটিউশন অ্যাডিক্টদের কোনোরকম প্রত্যাশা ছাড়াই কৃতজ্ঞতা প্রকাশ, দায়িত্ব সম্পন্ন করা এবং এনএ-র বার্তা শেয়ার করার একটি সুযোগ দেয়া। এটি আরও একটি কার্যকরী হাতিয়ার যা আমাদের নেশা মুক্ত থাকতে সাহায্য করে এবং আমাদেরকে বারবার ফিরিয়ে নিয়ে আসে। এইচঅ্যান্ডআই এবং এনএ-র বার্তা একই: “একজন মাদকাসক্ত, যেকোনো মাদকাসক্ত, মাদক ব্যবহার বন্ধ করতে পারে, মাদক ব্যবহারের আকাঙ্ক্ষা ত্যাগ করতে পারে এবং বাঁচার নতুন এক পথ খুঁজে পেতে পারো।”¹ আমরা যে উপহারটি শেয়ার করি তা হল আশা এবং নারকোটিকস অ্যানোনিমাস প্রোগ্রাম-এর মাধ্যমে সক্রিয় মাদকাসক্তি থেকে মুক্তি। যেকোনো সদস্য যে এই বার্তা বহন করতে চায় তাকে এইচঅ্যান্ডআই সার্ভিসের সাথে যুক্ত হতে উৎসাহ দেওয়া হয়। নারকোটিকস অ্যানোনিমাস-এ সেবাদানের অনেকগুলো উপায় রয়েছে এবং আমাদের মধ্যে অনেকেই এইচঅ্যান্ডআই সার্ভিসকে আমাদের রিকভারির সবচেয়ে লাভজনক দিক হিসেবে চিহ্নিত করেছি। আমরা আশা করি এই পুস্তিকাটি আপনাকে এইচঅ্যান্ডআই সার্ভিসে অংশ নিতে এবং এর সুফলগুলো ভোগ করতে উৎসাহিত করবে।



Narcotics Anonymous®

নারকোটিকস অ্যানোনিমাস

Copyright © 2023 by
Narcotics Anonymous World Services, Inc.

সর্বস্বত্ত্ব সংরক্ষিতা

World Service Office
PO Box 9999
Van Nuys, CA 91409 USA
T 818.773.9999
F 818.700.0700
Website: www.na.org

World Service Office–CANADA
Mississauga, Ontario

World Service Office–EUROPE
Brussels, Belgium
T +32/2/646 6012

World Service Office–IRAN
Tehran, Iran
www.wsoiran.org



এটি হল এন এ ফেলোশিপ দ্বারা অনুমোদিত লিটারেচারের একটি অনুবাদ।

Narcotics Anonymous, , , , এবং The NA Way

হল Narcotics Anonymous World Services, Incorporated

এর নিবন্ধিত ট্রেডমার্ক।

ISBN 9781633804043 Bengali (Bangladesh) 7/23

WSO Catalog Item No. BN3120

IP No. 20-BN

হসপিটাল এবং
ইন্সটিটিউশন সার্ভিস ও
এনএ সদস্য